

APPENDIX I:

Sample Parent Notification Letters

Letter A: Sample letter notifying parents about HIV/AIDS lessons; for grades K-12.

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

আমেরিকার মানুষ যেসব মারাত্মক স্বাস্থ্যগত সমস্যা মোকাবেলা করেছে, HIV/AIDS হলো সেগুলোর অন্যতম একটি। HIV আক্রান্ত মানুষকে বহু বছর সুস্থ রাখতে চিকিৎসাবিজ্ঞান অসাধারণ অগ্রগতি অর্জন করেছে। তারপরও এর কোন নিরাময় নেই, এবং শিক্ষাই হচ্ছে একমাত্র উপায় যা দিয়ে আমরা আমাদের শিক্ষার্থীদেরকে সংক্রমণ থেকে নিজেদেরকে নিরাপদ রাখতে সহায়তা দিতে পারি। নতুন ‘হেলথ এড ওয়ার্কস্ ইনিশিয়েটিভ’ (স্বাস্থ্য শিক্ষা উদ্যোগ)-এ মেয়র ডি ব্লাজিও’র একাধিক বছরের বিনিয়োগ আমাদের সকল স্কুলে স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষায় সহায়তা প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের সুস্থাস্থের প্রতি DOE-এর প্রতিশ্রুতিকে জোরদার করবে।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (NYCDOE) সমন্বিত স্বাস্থ্য শিক্ষার অংশ হিসেবে HIV/AIDS অনুশীলনী কিন্ডারগার্টেন থেকে 12 গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক করেছে। *HIV/AIDS পাঠ্যক্রম* যা NYCDOE, NYC-এর শিক্ষার্থীদের জন্য প্রস্তুত করেছে, তা বয়স ও পরিপক্বতা অনুযায়ী উপযুক্ত। উদাহরণ স্বরূপ, কিন্ডারগার্টেনে শিক্ষার্থীরা শিখবে কীভাবে মানুষ অসুস্থ হয় ও কীভাবে নিরাময় লাভ করে। গ্রেড 7-এ, কীভাবে HIV শরীরের প্রতিরোধ ব্যবস্থাকে আক্রমণ করে, অ্যালকোহল ও ড্রাগ ব্যবহারের ঝুঁকি, এবং পিতামাতা/অভিভাবক অথবা তত্ত্বাবধানকারীদের সাথে ভাববিনিময়ের গুরুত্ব সম্পর্কে শিক্ষার্থীরা শিখবে। হাই স্কুলের পাঠ্যসমূহ, HIV সংক্রমণ, যৌনবাহিত রোগ সংক্রমণ (STIs) এবং ইচ্ছাবিরুদ্ধ গর্ভাবস্থার ঝুঁকিতে ফেলবে যেসব আচরণ শিক্ষার্থীদের সেগুলো পরিহার করা সম্পর্কে শেখাবে।

পিতামাতা বা আইনি অভিভাবক হিসেবে, HIV/AIDS সম্পর্কিত পাঠের কিছু কিছু অংশ, যা HIV/যৌনবাহিত রোগ প্রতিরোধের বিভিন্ন পদ্ধতি সম্পর্কিত, সেগুলো পাঠ থেকে আপনার সন্তানকে বিরত রাখার অধিকার আপনার আছে। “অপট আউট” (নাম প্রত্যাহার) করা যাবে এমন প্রতিরোধক পাঠ্যক্রমগুলো *HIV/AIDS কিউরিকুলামে* চিহ্নিত করা আছে, যা অনলাইনে পাওয়া যাবে <https://www.wcteachnyc.org/resources/resource/hivaids-curriculum-2012-edition/> - ওয়েবসাইটে।

আপনার সন্তানের নাম প্রত্যাহার করতে চাইলে, আপনাকে অবশ্যই আমার কাছে একটি চিঠি দিতে হবে, যেটায় নিম্নলিখিত বিষয়গুলো থাকবে:

- আপনার সন্তান “অপট আউট” (নাম প্রত্যাহার) করা যাবে এমন প্রতিরোধক পাঠ্যক্রমগুলো চলাকালে ক্লাসরুমে থাকবে না; এবং
- আপনি আপনার সন্তানকে বাড়িতে প্রতিরোধের পদ্ধতি সম্পর্কে পাঠদান করবেন।

আপনার সন্তানকে HIV/AIDS সম্পর্কে কথা বলতে উৎসাহিত করুন। এটা করলে, আপনার সন্তানের HIV সংক্রমণ সম্পর্কে সচেতনতা আরো বৃদ্ধি করবে, এবং আপনি ও আপনার সন্তানকে ছেলেমেয়েদের স্বাস্থ্য ও তাদের ভবিষ্যতের সুরক্ষার জন্যে যৌন সঙ্গম থেকে বিরত থাকা যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও কার্যকর পন্থা, সে বিষয়ে আলোচনার সুযোগ করে দেবে।

আমাদের স্কুল ওয়েলনেস কাউন্সিলে সংশ্লিষ্ট হতে অথবা HIV/AIDS বিষয়ে একটি PTA উপস্থাপনা সমন্বয় করতে আমরা আপনাকে স্বাগত জানাই। এই পাঠ্যক্রমে আপনি কীভাবে আমাদের সহায়তা করতে পারেন, সেবিষয়ে আপনার সন্তানের শিক্ষক, প্যারেন্ট কোঅর্ডিনেটর, অথবা আমার সাথে আলাপ করুন। এই প্রোগ্রাম সংক্রান্ত আপনার কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আমাকে ফোন করুন _ নম্বরে।

বিনীত,

প্রিন্সিপ্যাল